

28

## চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের বিকল্প ক্লাস অব্যাহত ॥ আজ সিউকেটের জরুরী সভা

(চট্টগ্রাম অফিস)

চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের সাধারণ শিক্ষা পরিষদ কর্তৃক গতকালও (মঙ্গলবার) বিশ্ববিদ্যালয়ের বিকল্প ক্লাস চতুর্থ দিনের মত অব্যাহত থাকে। ডঃ মঞ্জুর মোরশেদ মাহমুদ স্বাক্ষরিত সাধারণ শিক্ষক পরিষদের এক প্রেস বিজ্ঞপ্তিতে জানানো হয়, বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে একটি সম্মানী গোপ্তির দখলদারিদের বিরুদ্ধে শহরে বিকল্প ক্লাসের ব্যবস্থা করা হয়। এই ব্যবস্থা সম্পূর্ণ সাময়িক ও প্রতিবাদ স্বরূপ, যখনই বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে ক্লাস নেওয়ার পরিবেশ ও বিশ্ববিদ্যালয় প্রশাসনের প্রশাসনিক কর্তৃক প্রতিষ্ঠিত হইবে, তখনই ক্যাম্পাসে ক্লাস নেওয়া শুরু করা হইবে।

গতকাল কলা অনুষদের ৬টি বিভাগে ১৮টি, বিজ্ঞান অনুষদের ৬টি বিভাগে ১৬টিসহ বিভিন্ন বিভাগের মোট ৫৬টি বিকল্প ক্লাস নেওয়া হয়।

এদিকে আজ (বুধবার) সকালে বিশ্ববিদ্যালয় সিউকেটের এক জরুরী সভা বিশ্ববিদ্যালয়ের চট্টগ্রাম শহরস্থ রাতে আহ্বান করা হইয়াছে। ইসলামী ছাত্র শিবির, সম্মিলিত ছাত্রঐক্য পরিষদ ও সংগ্রামী ছাত্রঐক্য পৃথক পৃথক প্রেস বিজ্ঞপ্তিতে আজ (বুধবার) আহূত সিউকেট সভার প্রতিবাদ জানাইয়া বলিয়াছে, ক্যাম্পাসের বাহিরে সিউকেটের সভা করা বিশ্ববিদ্যালয়ের প্রচলিত নিয়মবিরোধী, বিশ্ববিদ্যালয় বন্ধ করিয়া দেওয়ার হীন মডয়ন্ত্র ও অসৎ উদ্দেশ্য প্রণোদিত।